# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

বিষয় কোড: ১ ০ ১

## বাংলা প্রথম পত্র

### সৃজনশীল প্রশ্ন

সময়: ২ ঘণ্টা ১০ মিনিট — পূর্ণমান-৭০

*(দ্রষ্টব্য:— ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। গদ্য অংশ থেকে ন্যূনতম দুটি, কবিতাংশ থেকে ন্যূনতম দুটি, উপন্যাস থেকে ন্যূনতম একটি ও নাটক থেকে ন্যূনতম একটি করে মোট সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।)*

## ক অংশ — গদ্য

**১.▶** পিতৃহীন অবস্থায় আর্থিক সঙ্কটের কারণে লেখাপড়াটা শেষ করতে পারেনি অর্ণব। দেশের সেরা তরুণ উদ্যোক্তা হিসেবে পুরস্কৃত হওয়ার পর নিজের অনুভূতি ব্যক্ত করতে গিয়ে সে ফিরে যায় অতীতে। জীবনের সমস্ত না পাওয়ার দুঃখ বেদনাগুলো বাড়ির আনাচে-কানাচে নিজ হাতে রোপণ করা বৃক্ষগুলোর সঙ্গে ভাগাভাগি করে নিত সে। অর্ণবের দুঃখ-আনন্দের সব সময়ের সঙ্গী সেই বৃক্ষগুলো, বর্তমানে যা সংখ্যায় বেড়েছে বহুগুণ। তিরিশ বিঘা জমির উপর নানা প্রজাতির প্রায় তিন হাজার ফলজ ও ভেষজ বৃক্ষ এবং পঁচিশ জন কর্মী রয়েছে তার তত্ত্বাবধানে। এই বৃক্ষগুলোই তাকে শিখিয়েছে সহিষ্ণু হতে, স্বপ্নকে সফল ও সার্থক করতে।

ক. মোতাহের হোসেন চৌধুরী অনূদিত 'সুখ' কোন গ্রন্থের অনুবাদ? ১

খ. 'অনুভূতির কান দিয়ে সে গান শুনতে হবে।' এ কথার তাৎপর্য কী? ২

গ. উদ্দীপকের উল্লিখিত অর্ণব চরিত্রের জীবনবোধের সঙ্গে 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধের সাদৃশ্যপূর্ণ দিকটি তুলে ধরো। ৩

ঘ. 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধে প্রাবন্ধিকের যে দর্শন প্রকাশ পেয়েছে উদ্দীপকের বিষয়বস্তুর নিরিখে তার স্বরূপ বিশ্লেষণ করো। ৪

**২.▶** সবিতা তার ছোট মেয়েটিকে সঙ্গে নিয়ে বাজারে কিছু কেনাকাটা করে রিকশায় বাড়ি ফিরছিলো। পথিমধ্যে রিকশাওয়ালা কিছুক্ষণ পর পরই ফোনে কথা বলছিলো। অপর প্রান্তের ব্যক্তিকে সে কৌশলে তার অবস্থান, রিকশায় কারা, গন্তব্য কোথায়, রাস্তার নাম, পৌছানোর আনুমানিক সময় জানিয়ে দিচ্ছিল। সবিতা অত্যন্ত বুদ্ধিমত্তার সাথে রিকশা থামিয়ে কয়েকজন পথচারীর সামনে রিকশাওয়ালাকে নানা প্রশ্ন করতে থাকে। এক পর্যায়ে রিকশাওয়ালা স্বীকার করতে বাধ্য হয় যে, সে ছিনতাইকারী চক্রের সদস্য এবং সেই

পরিকল্পনামাফিকই সে রিকশা নিয়ে এগুচ্ছিল। পুলিশসহ অন্য সকলে সবিতাকে ধন্যবাদ জানাচ্ছিল তার উপস্থিত বুদ্ধি, বিচক্ষণতা ও সাহসিকতার জন্য।

ক. মানিক বন্দ্যোপাধ্যায়ের পৈতৃক বাড়ি কোথায় অবস্থিত? ১

খ. 'তবে আসল কথাটা বলি' কে, কাকে, কী প্রসঙ্গে এ কথা বলেছে? ২

গ. উদ্দীপকে বর্ণিত সবিতা চরিত্রের দায়িত্বশীল ভূমিকা 'মাসি-পিসি' গল্পের কোন ঘটনাংশকে স্মরণ করিয়ে দেয়? আলোচনা করো। ৩

ঘ. উদ্দীপকের বিষয়টি 'মাসি-পিসি' গল্পের সামগ্রিক ভাবের প্রতিফলনমাত্র— উক্তিটির যথার্থতা মূল্যায়ন করো। ৪

৩. ▶ 'ওরা কারা বুনো দল ঢোকে
এরি মধ্যে (থামাও থামাও), স্বর্ণশ্যাম বুক ছিঁড়ে
অস্ত্র হাতে নামে সান্ত্রী কাপুরুষ, অধম রাষ্ট্রের
রক্ত পতাকা তোলে, কোটি মানুষের সমবায়ী
সভ্যতার ভাষা এরা রদ করবে ভাবে, মরু-পশু
মারীর অন্ধতা ঝড়ে হানে অসহায় নরনারী।'

(সূত্র: বাংলাদেশ, অমিয় চক্রবর্তী)

ক. ভিক্টোরিয়া পার্কের বর্তমান নাম কী? ১

খ. এদের কথা হলো 'মরতে দেব না'— কাদের কথা, কী প্রসঙ্গে বলা হয়েছে? ২

গ. 'কোটি মানুষের সমবায়ী সভ্যতার ভাষা এরা রদ করবে'— উদ্দীপকে উল্লিখিত চরণটি 'বায়ান্নর দিনগুলো' রচনার কোন অংশের সাথে সাদৃশ্যপূর্ণ আলোচনা করো। ৩

ঘ. উদ্দীপক ও 'বায়ান্নর দিনগুলো' রচনার মূলসুর একই ধারায় প্রবাহিত— উক্তিটি বিশ্লেষণ করো। ৪

## খ অংশ — পদ্য

৪. ▶ আমরা সকল দেশের, সকল জাতির, সকল ধর্মের, সকল কালের। আমরা মুরীদ যৌবনের। এই জাতি-ধর্ম-কালকে অতিক্রম করিতে পারিয়াছে যাহাদের যৌবন, তাহারাই আজ মহামানব, মহাত্মা, মহাবীর। তাহাদিগকে সকল দেশের, সকল ধর্মের লোক সমান শ্রদ্ধা করে। [যৌবনের গান: কাজী নজরুল ইসলাম]

ক. 'আঠারো বছর বয়স' কোন কাব্যগ্রন্থ থেকে সংকলিত? ১

খ. 'এ বয়স জানে রক্ত দানের পুণ্য।' ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের বক্তব্যের সাথে 'আঠারো বছয় বয়স' কবিতার যৌবনশক্তির ইতিবাচক সাদৃশ্য আলোচনা করো। ৩

ঘ. উদ্দীপকের প্রেক্ষাপটে যৌবনসূর্যের আবাহন 'আঠারো বছর বয়স' কবিতায় কীভাবে প্রতিফলিত হয়েছে? কবিতার আলোকে বিশ্লেষণ করো। ৪

৫.▶ একটি কবিতা লেখা হবে। তার জন্য
দেয়ালে দেয়ালে এঁকে দেয় কারা
অনাগত এক দিনের ফতোয়া
মৃত্যুভয়কে ফাঁসিতে লটকে দিয়ে
মিছিলে এগোয়—
আকাশ-বাতাস মুখরিত গানে
গর্জনে তার—
নখদর্পণে আঁকা
নতুন পৃথিবী, অজস্র সুখ, সীমাহীন ভালবাসা।
একটি কবিতা লেখা হবে তার জন্য। [কবি সুভাষ মুখোপাধ্যায়]

ক. 'কিংবদন্তি' শব্দটি কবি কবিতায় কিসের প্রতীক হিসেবে উল্লেখ করেছেন? ১

খ. 'উনোনের আগুনে আলোকিত
একটি উজ্জ্বল জানালার কথা বলছি।'— বিশ্লেষণ করো। ২

গ. 'যে লৌহখণ্ডকে প্রজ্বলিত করে'— এই পঙ্ক্তির সঙ্গে উদ্দীপকে উল্লিখিত ঐতিহ্য সচেতন সংগ্রামী মানুষের চেতনাগত সাদৃশ্য আলোচনা করো। ৩

ঘ. উদ্দীপক ও 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় উচ্চারিত হয়েছে মানুষের সর্বাঙ্গীন মুক্তির ঘোষণা— মূল্যায়ন করো। ৪

৬.▶ প্রতিদিন সে প্রভাতে পৃথিবী—
প্রথম সৃষ্টির অক্লান্ত নির্মল দেববেশে দেয় দেখা,

আমি তার উন্মীলিত আলোকের অনুসরণ করে
অন্বেষণ করি আপন অন্তরলোক।

ক. 'লোক-লোকান্তর' কবিতায় কবির কাব্য চেতনা মূর্তের মাধ্যম কী? ১

খ. 'সুগন্ধ পরাগে মাখামাখি হয়ে আছে ঠোঁট তার।' কবির মনোভাব ব্যক্ত করো। ২

গ. উদ্দীপকে বর্ণিত কবির অন্তরলোকের সঙ্গে 'লোক-লোকান্তর' কবিতার কবির অন্তরলোকের সাদৃশ্য— বৈসাদৃশ্য আলোচনা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত উন্মীলিত আলোকের অন্বেষণ 'লোক-লোকান্তর' কবিতার মূলভাবকে আরও সমৃদ্ধ করেছে— বিশ্লেষণ করো। ৪

## গ অংশ — সহপাঠ [উপন্যাস]

**৭.▶** আজানুলম্বিত পাতলা পাঞ্জাবি পরে মক্তবের বারান্দায় এতিম শিশুদের বেত্রাঘাত করছে হোসেন আলী। ধর্মই তার বর্ম। চেয়ারম্যানের ক্ষমতা নেই তার মত রহস্যময় ধুরন্ধক মানুষের বিরুদ্ধে কথা বলে। গ্রামের বাড়ি বাড়ি ঘুরে মসজিদ গড়ার নামে বাক্সভরে টাকা সংগ্রহ করানো হোসেন আলীর কাজ। মাদ্রাসার সে বিখ্যাত হুজুর। তার কথায় ছাত্ররা উঠে বসে। মাথায় চারটা ইট নিয়ে তিন চার ঘন্টা দাঁড়িয়ে থাকে। শিশুদের এ ধরনের জীবন যাপনের প্রতিবাদ করে 'খেলাঘর আসর'— এর সম্পাদক আকাশ। রক্ষণশীলতার বিরুদ্ধে যুক্তিবাদী আকাশ থানায় গিয়ে শিশু নির্যাতনকারী হোসেন আলীর নামে ডায়েরি করে আসে।

ক. আক্কাস কে? ১

খ. 'একটা সত্যের সীমানায় পৌঁছে জন্মবেদনার তীক্ষ্ণ যন্ত্রণা অনুভব করে মনে মনে'— ব্যাখ্যা করো। ২

গ. 'নাফরমানি করিও না। খোদার উপর তোয়াক্কাল রাখ।' এ বক্তব্যে 'লালসালু' উপন্যাসের মজিদ ও উদ্দীপকের হোসেন আলী একই বিন্দুতে অবস্থিত আলোচনা করো। ৩

ঘ. উদ্দীপকের বিষয়বস্তু 'লালসালু' উপন্যাসের কেন্দ্রীয় চরিত্রের প্রতিবিম্ব এ সম্পর্কে তোমার মতামত দাও। ৪

৮.▶ এ পৃথিবীর মৎস্য মাংসে আমাদের কিছু অধিকার আছে। খাইতে দাও- নহিলে চুরি করিব। আমাদের কৃষ্ণচর্ম, শুষ্ক মুখ, ক্ষীণ সকরুণ মেও মেও শুনিয়া তোমাদিগের কি দুঃখ হয় না? চোরের দণ্ড আছে, নির্দয়তার কি দণ্ড নাই? দরিদ্রের আহার সংগ্রহের দণ্ড আছে, ধনীর কার্পণ্যের দণ্ড নাই কেন? তুমি কমলাকান্ত দূরদর্শী, কেন তা আফিংখোর তুমিও কি দেখিতে পাও না যে, ধনীর দোষেই দরিদ্র চোর হয়? পাঁচশত দরিদ্রকে বঞ্চিত করিয়া একজনে পাঁচশত লোকের আহার্য সংগ্রহ করিবে কেন? যদি করিল, তবে সে তাহার খাইয়া যাহা বাহিয়া পড়ে তাহা দরিদ্রকে দিবে না কেন? যদি না দেয়, তবে দরিদ্রে অবশ্য তাহার নিকট হইতে চুরি করিবে, কেননা, অনাহারে মরিয়া যাইবার জন্য এ পৃথিবীতে কেহ আইসে নাই। [বিড়াল : বঙ্কিম চন্দ্র চট্টোপাধ্যায়]

ক. তমিস্রা কী? ১

খ. 'এত করেও যার মনে ভয় হয় নাই, তাকেই এবার ভয় হয় মজিদের'— ব্যাখ্যা করো। ২

গ. সৈয়দ ওয়ালীউল্লাহ রচিত 'লালসালু' উপন্যাসের একমাত্র প্রতিবাদী জমিলা ও উদ্দীপকের বিড়াল চরিত্রের মধ্যে সাদৃশ্য আলোচনা করো। ৩

ঘ. সমাজে ভণ্ডামি ও কুসংস্কার দূর করতে 'লালসালু' পাঠ যৌক্তিকতার দাবি রাখে— তোমার মতামত ব্যক্ত করো। ৪

## ঘ অংশ — সহপাঠ [নাটক]

৯.▶ জালালউদ্দিন মাহমুদ শান্তি ও শৃঙ্খলার সঙ্গে রাজ্য শাসন করেছিলেন। তিনি বিভিন্ন জনকল্যাণমূলক কাজের মাধ্যমে ন্যায়পরায়ণতা, বিচক্ষণতা, ধর্মনিরপেক্ষতা ও কর্মকুশলতার পরিচয় দেন। কিন্তু তার দেহরক্ষী কুতুবউল আলম লোভী, ভণ্ড, বিশ্বাসঘাতক ও ক্ষমতার আকাঙ্ক্ষী, যে নিজের স্বার্থের জন্য আশ্রয়দাতা রাজার সঙ্গে প্রতারণা করতেও দ্বিধা করে না।

ক. নবাব আলিবর্দি খাঁ— এর প্রকৃত নাম কী? ১

খ. 'আমরা এমন কিছু করলাম যা ইতিহাস হবে।' উক্তিকর্তা কে এবং কখন করেছে? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের কুতুবউল আলম চরিত্রের বৈশিষ্ট্য 'সিরাজউদ্দৌলা' নাটকের মীরজাফর চরিত্রের আলোকে মূল্যায়ন করো। ৩

ঘ. 'প্রেক্ষাপট ভিন্ন হলেও উদ্দীপকের বিষয়বস্তু সিরাজউদ্দৌলা নাটকের করুণ বেদনাদায়ক পরিণতিকেই নির্দেশ করে।' বিশ্লেষণ করো। ৪

**১০.▶** ১৮৩১ সালে স্বাধীনতাকামী দেশপ্রেমিক তিতুমীরের সঙ্গে লেফটেন্যান্ট কর্নেল স্টুয়ার্টের যুদ্ধ হয় নারিকেলডাঙ্গায়। যুদ্ধে ব্যবহৃত কামানের আঘাতে তিতুমীরের বাঁশের কেল্লা ভেঙ্গে পড়ে। সাহসিকতা ও প্রচণ্ড বিক্রমের সঙ্গে লড়াই করেও তিতুমীর তার বাহিনীসহ ইংরেজদের কাছে পরাজিত হন এবং তাকে ফাঁসিতে ঝুলিয়ে হত্যা করা হয়। আপাতদৃষ্টিতে এ লড়াই ব্যর্থ মনে হলেও ভারতবর্ষের স্বাধীনতা সংগ্রামে সুদূরপ্রসারী প্রভাব বিস্তার করে। তিতুমীরের এই আত্মত্যাগ অনুপ্রেরণা জুগিয়েছে কালে কালে। তিতুমীরের মতো বীরেরা মৃত্যুঞ্জয়, মাতৃভূমির অতন্দ্র প্রহরী।

ক. কত সালে 'ফোর্ট উইলিয়াম' দুর্গ প্রতিষ্ঠিত হয়? ১

খ. 'দেশপ্রেমিকের রক্ত যেন আবর্জনার স্তূপে চাপ না পড়ে'— উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের তিতুমীর চরিত্রকে 'সিরাজউদ্দৌলা' নাটকের নবাব সিরাজউদ্দৌলা চরিত্রের সঙ্গে তুলনা করো। ৩

ঘ. 'তিতুমীরের মতো বীরেরা মৃত্যুঞ্জয়, মাতৃভূমির অতন্দ্র প্রহরী'— উক্তিটির যথার্থতা 'সিরাজউদ্দৌলা' নাটকের আলোকে বিশ্লেষণ করো। ৪

**১১.▶** (ক) মাধ্যমিক বিদ্যালয়ে 'সহকারী শিক্ষক' পদে নিয়োগ লাভের জন্য একটি আবেদনপত্র রচনা করো। ১০

অথবা, (খ) সদ্য পঠিত বই সম্পর্কে মতামত জানিয়ে প্রবাসী বন্ধুকে একটি বৈদ্যুতিন পত্র লেখো।

**১২.▶** (ক) তোমার কলেজের 'সামগ্রিক শিক্ষার পরিবেশ' সম্পর্কে একটি প্রতিবেদন রচনা করো। ১০

অথবা, (খ) 'একশের বইমেলা' পরিদর্শন পূর্বক অভিজ্ঞতা বর্ণনা করো।

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০

## বাংলা প্রথম পত্র: বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড: ১ ০ ১

*[বিশেষ দ্রষ্টব্য:— সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. টেলিফোন, টেলিগ্রাফ, অপারেশন, ইনজেকশন ইত্যাদিকে যে সভ্যতার নিদর্শন বলে না, সেটি রোকেয়া সাখাওয়াত হোসেন-এর বিবেচনায়—

(ক) অসভ্য (খ) মিথ্যাবাদী
(গ) কুসংস্কারাচ্ছন্ন (ঘ) নিমকহারাম

২. বিড়ালটি কমলাকান্তকে উপদেশ গ্রহণ করতে বলেছিল কেন?

(ক) দয়াশীল হওয়ার জন্য
(খ) সাম্যচেতনায় উদ্বুদ্ধ হতে
(গ) ক্ষমাশীল হওয়ার জন্য
(ঘ) সুখী হওয়ার নিমিত্তে

**নিচের উদ্দীপকটি পড়ে ৩ ও ৪ নম্বর প্রশ্নের উত্তর দাও।**

'স্বাধীনতা হীনতায় কে বাঁচিতে চায় হে, কে বাঁচিতে চায়?'

৩. উদ্দীপক ও 'আমার পথ' প্রবন্ধের আলোকে বিকাশের জন্য কোনটি প্রয়োজন?

(ক) স্বমতামত (খ) বিদ্রোহ
(গ) ব্যক্তিস্বাধীনতা (ঘ) মুক্তিসংগ্রাম

৪. উদ্দীপকের কবিতাংশ ও 'আমার পথ' প্রবন্ধের সারকথা হলো—

i. পরাবলম্বনের যাতনা
ii. স্বাধীনতা লাভে স্বাদ
iii. স্বাধীনতার স্বরূপ ও তাৎপর্য

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৫. বৃক্ষের দিকে তাকালে জীবনের তাৎপর্য উপলব্ধি সহজ হয়। কারণ—

(ক) বৃক্ষ হলো সার্থকতার প্রতীক
(খ) বৃক্ষের দানে কোনো স্বার্থ নেই
(গ) বৃক্ষ থেকে নানা ঔষধ তৈরি হয়
(ঘ) বৃক্ষ নদীর মতোই বহমান

৬. 'খপর আছে শুনে যাও'— উক্তিটির সাথে নিচের কোনটির সাদৃশ্য আছে?

(ক) বিপদ আছে শুনে যাও
(খ) সুসংবাদ আছে শুনে যাও
(গ) দুঃসংবাদ আছে শুনে যাও
(ঘ) সংবাদ আছে শুনে যাও

**নিচের উদ্দীপকটি পড়ে ৭ ও ৮ নম্বর প্রশ্নের উত্তর দাও।**

সহদেব বাবু ধনী পরিবার পেয়ে মেয়ের বিয়ে দিতে উদ্যত হন। এক্ষেত্রে তিনি বরপক্ষ থেকে দাবিকৃত দেনা-পাওনা চুকিয়ে দিয়ে মহাসাড়ম্বরে মেয়ের বিয়ে সম্পন্ন করেন।

৭. উদ্দীপকের সহদেব বাবুর সাথে 'অপরিচিতা' গল্পের কোন চরিত্রের বৈসাদৃশ্য রয়েছে?

(ক) হরিশ (খ) শম্ভুনাথ
(গ) বিনু (ঘ) মামা

৮. উদ্দীপক ও 'অপরিচিতা' গল্পে ফুটে উঠেছে—

i. কুসংস্কার ii. যৌতুকপ্রথা
iii. প্রতিবাদী চেতনা

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৯. মুসলিম লীগ সরকারকে বঙ্গবন্ধুর অপরিণামদর্শী বলার কারণ—

i. তাদের ভুল সিদ্ধান্ত গ্রহণ
ii. ভাষা আন্দোলনকারীদের ওপর গুলি করা
iii. বঙ্গবন্ধুকে কারাগারে পাঠানো

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১০. হরিদাসীর মৃত্যুর পর তার কথা অনুযায়ী কাশেম আলি মুখাগ্নি করল।— 'আহ্বান' গল্পের আলোকে এ ঘটনায় কী প্রকাশ পেয়েছে?

(ক) আন্তরিকতা (খ) অসাম্প্রদায়িকতা
(গ) লৌকিকতা (ঘ) সামাজিকতা

১১. 'বলধা গার্ডেন' কত খ্রিষ্টাব্দে প্রতিষ্ঠিত হয়?

(ক) ১৯০৮ (খ) ১৯০৯
(গ) ১৯১০ (ঘ) ১৯১৪

১২. কার নির্দেশনা ও সহযোগিতায় মোপাসাঁ সাংবাদিকতা ও সাহিত্যের জগতে প্রবেশ করেন?

(ক) এমিল জোলা (খ) ইভান তুর্গনেভ
(গ) গুস্তাভ ফ্লবেয়ার (ঘ) ফিওদার দস্তয়ভস্কি

**নিচের উদ্দীপকটি পড়ে ১৩ ও ১৪ নম্বর প্রশ্নের উত্তর দাও।**

মানিক বন্দ্যোপাধ্যায় প্রথম গল্প 'অতসী মামী' লিখেছিলেন তাঁর বাড়ির গৃহকর্মীর চরিত্রকে নির্ভর করে। এরপর থেকে তাঁর সাহিত্যে সমাজের সকল স্তরের মানুষের উপস্থিতি দেখা যায়। জেলে, শ্রমিক যেমনি তাঁর সাহিত্যের চরিত্র, তেমনি সমাজের উঁচু শ্রেণির চরিত্রও রয়েছে।

১৩. উদ্দীপকের ভাব 'ঐকতান' কবিতার কোন চরণের সাথে অধিক সংগতিপূর্ণ?

(ক) নানা কবি ঢালে গান নানা দিক হতে
(খ) সমাজের উচ্চ মঞ্চে বসেছি সংকীর্ণ বাতায়নে
(গ) ওগো গুণী/কাছে থেকে দূরে যারা তাহাদের বাণী যেন শুনি
(ঘ) আমার কবিতা, জানি আমি/গেলেও বিচিত্র পথে হয় নাই সে সর্বত্রগামী

১৪. 'ঐকতান'-এর কবি উদ্দীপকের মানিক বন্দ্যোপাধ্যায়ের মতো সাহিত্যিকের প্রত্যাশায় অপেক্ষমাণ। কারণ, এঁরা—

i. জনবান্ধব ii. জীবনবাদী
iii. কর্মে ও মর্মে এক

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৫. 'স্থাপিলা বিধুরে যিনি স্থাণুর ললাটে
পড়ি কি ভূতলে শশী যান গড়াগড়ি
ধুলায়?' বাক্যটিতে প্রকাশ পেয়েছে—

ক মতিচ্ছন্নতা খ আহাজারি
গ মত পরিবর্তন ঘ আত্মমর্যাদা

১৬. 'মনে পড়ে আজ সে কোন জনমে বিদায় সন্ধ্যাবেলা
আমি দাঁড়ায়ে রহিনু এপারে, তুমি ওপারে ভাসালে ভেলা।'
উদ্দীপকের ভাবের সাথে কবির ভাবের মিল কোথায়?

ক ওগো, কবি অভিমান করেছ কি তাই?
খ তাহারেই পড়ে মনে ভুলিতে পারি না কোনো মতে
গ নীরব কেন ফাগুন যে এসেছে ধরায়
ঘ বসন্ত-বন্দনা তব কণ্ঠে শুনি— এ মোর মিনতি

১৭. কবি আহসান হাবীবের কাঙ্ক্ষিত অস্ত্র উত্তোলিত হলে পৃথিবীর যাবতীয় অস্ত্র কী হবে?

ক উদ্ধত খ বিনীত
গ আনত ঘ ধ্বংস

১৮. পারস্যের অগ্নি উপাসকদের ধর্মগ্রন্থ কোনটি?

ক জেন্দা খ আবেস্তা
গ বাইবেল ঘ ত্রিপিটক

১৯. আঠারো বছর বয়সের প্রবল আবেগ ও উচ্ছ্বাস—

i. অদম্য দুঃসাহসের
ii. জীবনের ঝুঁকি নেওয়ার
iii. বাধা-বিপদকে পেরিয়ে যাওয়ার

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ে ২০ ও ২১ নম্বর প্রশ্নের উত্তর দাও।**

আমি তো এসেছি তিতুমীর আর হাজী শরীয়ত থেকে।
আমি তো এসেছি গীতাঞ্জলি ও অগ্নিবীণার থেকে।
এসেছি বাঙালি জয়নুল আর অবন ঠাকুর থেকে।

২০. উদ্দীপকের চেতনার সঙ্গে 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার যে চরণের মিল রয়েছে—

ক আমি আমার ভালোবাসার কথা বলছি
খ আমরা কি তাঁর মতো স্বাধীনতার কথা বলতে পারব
গ সশস্ত্র সুন্দরের অনিবার্য অভ্যুত্থান কবিতা
ঘ আমি কবি এবং কবিতার কথা বলছি

২১. উদ্দীপক ও 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় প্রকাশিত মূলভাব—

ক ঐতিহ্যপ্রীতি ও মুক্তির আকাঙ্ক্ষা
খ ভালোবাসা আর শঙ্কা
গ মানবিক উদ্ভাসনের স্বপ্ন
ঘ কবিতার সত্য অনুধাবন

২২. জীবনানন্দ দাশের 'কবিতার কথা' কোন ধরনের গ্রন্থ?

ক কাব্যগ্রন্থ খ উপন্যাস
গ প্রবন্ধ গ্রন্থ ঘ গল্পগ্রন্থ

২৩. 'অতি অকস্মাৎ শুদ্ধতার দেহ ছিঁড়ে কোন ধ্বনি?'
এখানে 'ধ্বনি' হচ্ছে—

i. আওয়াজ ii. বিদ্রোহের আভাস
iii. প্রতিবাদ

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৪. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় কোন ফুলের উল্লেখ আছে?

ক শাপলা খ কৃষ্ণচূড়া
গ গোলাপ ঘ পলাশ

২৫. সৈয়দ ওয়ালীউল্লাহ্‌র কর্মজীবন শুরু হয় যে ইংরেজি দৈনিকে সেটি কোথা থেকে প্রকাশিত হতো?

ক ঢাকা খ চট্টগ্রাম
গ প্যারিস ঘ কলকাতা

২৬. 'কথাটা মিথ্যা জেনেও প্রচণ্ড জ্বলে ওঠে অন্তর'— উক্তিটিতে কার অন্তর জ্বলে ওঠার কথা বলা হয়েছে?

ক রহিমার খ মজিদের
গ তাহের-কাদেরের বাবার
ঘ জমিলার

২৭. মজিদের মতে, প্রক্ষিপ্ত রসনা—

i. মানুষকে পির-মুর্শিদ বানাতে পারে
ii. পরিবার ধ্বংস করে দিতে পারে
iii. নিমেষে আগুন ধরিয়ে দিতে পারে

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ে ২৮ ও ২৯ নম্বর প্রশ্নের উত্তর দাও।**

যারা বাংলাদেশ, বাংলাদেশের উন্নতি ও সমৃদ্ধি চায়নি; তারাই ১৯৭১ সালে মুক্তিযুদ্ধে পাকিস্তানি হানাদার বাহিনীকে সহায়তা করে। রাজাকার, আলবদর, আলশামস হিসেবে পরিচিত পাকিস্তানি দোসররা নিজেদের স্বার্থরক্ষার জন্যই অসহায় বাঙালিদের হত্যা করতে ভূমিকা পালন করে।

২৮. উদ্দীপকের হানাদার বাহিনী 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন শ্রেণির চরিত্রের প্রতিনিধিত্ব করে?

ক মানিকচাঁদ, মোহনলাল, রাইসুল জুহালা
খ মিরজাফর, শওকত জঙ্গ, জগৎশেঠ
গ রাজবল্লভ, মোহনলাল, রায়দুর্লভ
ঘ মিরজাফর, জগৎশেঠ, মিরমর্দান

২৯. উদ্দীপকে পাকিস্তানের এবং 'সিরাজউদ্দৌলা' নাটকে প্রাসাদ ষড়যন্ত্রকারীদের উদ্দেশ্যের অভিন্নতা মূলত—

ক সম্পদের লোভ
খ ক্ষমতার লোভ
গ সম্পদ ও ক্ষমতার লোভ
ঘ শক্তি প্রদর্শনের লোভ

৩০. সিরাজের পতনের পর কে প্রধান সেনাপতি হতে চেয়েছে?

ক রায়দুর্লভ খ মিরজাফর
গ জগৎশেঠ ঘ রাজবল্লভ

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ঘ | ২ | খ | ৩ | গ | ৪ | খ | ৫ | ক | ৬ | খ | ৭ | খ | ৮ | গ | ৯ | ক | ১০ | খ | ১১ | খ | ১২ | গ | ১৩ | গ | ১৪ | ক | ১৫ | ঘ |
| | ১৬ | খ | ১৭ | গ | ১৮ | খ | ১৯ | ঘ | ২০ | ঘ | ২১ | ক | ২২ | গ | ২৩ | গ | ২৪ | খ | ২৫ | ঘ | ২৬ | গ | ২৭ | গ | ২৮ | খ | ২৯ | গ | ৩০ | ক |